

ঠাকুমাগো এই এনেছি ‘অ আ ক খ’ বইখানা।
 আমি পড়ব তুমি পড়বে, পড়তে পড়তে হবে জানা।।
 আমি পড়ব! মেয়েদের, বই ছোয়া বারন, জানিসনে?
 শাস্ত্রে সবই লেখা আছে, তোরাই ওসব মানিসনে।।
 ও সব ঠান্ধা মিথ্যে কথা, মেয়েরা কি মানুষ নয়?
 সব মেয়েরাই ইস্কুলে যায়, কিছু কি তাতে ক্ষতি হয়?
 শিখবো, পড়বো, জ্ঞান বাড়াবো, দেশের হবে উন্নতি।
 সবার সাথে মিশবো মোরা, বাড়বে তাতে সম্প্রীতি।।
 ঠিক বলেছিস, আনতো তবে, ‘অ আ ক খ’ বইখানা।
 কোন কিছুই জানিনে, তবু বর্ণমালাই হোক জানা।।
 ডেকে আনিস বুড়োবুড়ীদের, সবাই পড়ব, শিখবো, আয়
 কাছেতে আয়, এই নে দিদি, কলমটা উপহার।।

--- শ্রদ্ধেয়া বরুনা ভট্টাচার্য্য (চক্রবর্তী)

